**Faculty of Arts & Humanities**

**Comilla University**

Comilla-3506, Bangladesh

Tel: 70022-25 (PABX-211)

[redacted]

Web: www.cou.ac.bd


স্মারক নং : কু.বি./কলা ও মানবিক অনু./ জার্নাল-০৮ তারিখ : ১৬/০৮/২০২৩

প্রাপক,

............................................

............................................

............................................

মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদ কর্তৃক বার্ষিক গবেষণা-পত্রিকা **THE COMILLA UNIVERSITY JOURNAL OF ARTS**-এর ৮ম সংখ্যা (জুন-২০২৩) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী লেখক ও গবেষকবৃন্দকে সংযুক্ত নীতিমালা অনুসরণ করে মৌলিক গবেষণা প্রবন্ধটির সফট্ কপি প্রদত্ত ই-মেইলে **E-mail: dean.ah.cou@gmail.com** এবং ০৩ (তিন) সেট হার্ট কপি আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্ন-ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করা হলো। নির্দিষ্ট সময়ের পরে প্রেরিত কোন লেখা বিবেচনা করা হবে না।

সংযুক্ত পত্রটি নীতিমালাসহ আপনার অনুষদভুক্ত বিভাগসমূহে/ বিভাগের শিক্ষকবৃন্দের নিকট প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ,

14.8.23

(অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম মাওলা)

সম্পাদক এবং
ডিন, কলা ও মানবিক অনুষদ
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
**E-mail: dean.ah.cou@gmail.com**

14.08.23

(ড. মোহাঃ হাবিবুর রহমান )

সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ
ও নির্বাহী সম্পাদক
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

**Faculty of Arts & Humanities**

**Comilla University**

Comilla-3506, Bangladesh

Tel: 70022-25 (PABX-211)

[redacted]

Web: www.cou.ac.bd


## THE COMILLA UNIVERSITY JOURNAL OF ARTS -এ প্রেরিত প্রবন্ধের জন্য অনুসরণীয় নীতিমালা

১. প্রবন্ধ অপ্রকাশিত এবং মৌলিক জিজ্ঞাসা (Research Question) ও ফল (Research Result) সম্বলিত হতে হবে।

২. প্রবন্ধে MLA Style (8th Edition) অনুসরণ করতে হবে। **অন্যথায় প্রবন্ধটি মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।**

৩. পাণ্ডুলিপির দুই কপি কম্পিউটার কম্পোজকৃত (প্রিন্ট কপি) সম্পাদক/নির্বাহী সম্পাদক বরাবর (সরাসরি/ডাকযোগে/কুরিয়ার) পাঠাতে হবে।**নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত প্রবন্ধ মূল্যায়নের জন্য বিবেচিত হবে না**। পাণ্ডুলিপির সঙ্গে সম্পাদক বরাবর লিখিত একটি পত্র সংযুক্ত করতে হবে, যেখানে প্রাবন্ধিকের যোগাযোগ ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল আইডি থাকবে। মূল প্রবন্ধের কোথাও প্রাবন্ধিকের পেশাগত পরিচয়, ঠিকানা, ফোন নম্বর থাকবে না।

৪. প্রবন্ধের শব্দ-সংখ্যা ৩০০০-৬০০০ এর মধ্যে। **এর ব্যতিক্রম হলে প্রবন্ধ মূল্যায়নের জন্য বিবেচিত হবে না**। বাংলা SutonnyMJ 14 Fontএবং ইংরেজি Times New Roman 10 Font, লাইন স্পেস হবে ১.৫, পৃষ্ঠার চারপাশে মার্জিন হবে ১ ইঞ্চি, কাগজের মাপ হবেA4 সাইজ।

৫. প্রবন্ধের শুরুতে ইংরেজিতে অনধিক ১৫০ শব্দের সারসংক্ষেপ (Abstract) থাকবে। বাংলা ভাষায় লিখিত প্রবন্ধের সারসংক্ষেপও ইংরেজিতে হবে।

৬. বাংলা ভাষার প্রবন্ধ বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে লিখিত হতে হবে। উদ্ধৃতির ক্ষেত্রে বানানের কোনো পরিবর্তন করা যাবে না। লেখক কোনো বিশেষ বানান-বৈশিষ্ট্য রক্ষায় সচেষ্ট হলে তা অক্ষুণ্ণ রাখা হবে। মূলপাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে তা পৃথক অনুচ্ছেদে উপস্থাপন করতে হবে। কবিতার ক্ষেত্রে উদ্ধৃতিতে মূল পঙ্ক্তি-বিন্যাস থাকবে।

৭. রচনাপঞ্জি লিখিত হবে লেখক-নামের বর্ণানুক্রমে। বিদেশি নামের শেষ নাম আগে বসবে, প্রথম নাম পরে বসবে। প্রবন্ধের শিরোনাম লিখতে হবে উদ্ধৃতিচিহ্নের মধ্যে। বই ও পত্রপত্রিকার নাম বাঁকা অক্ষরে লিখতে হবে। কোনো গ্রন্থের ১ম সংস্করণ ব্যবহৃত হলে রচনাপঞ্জিতে তা উল্লেখের প্রয়োজন নেই। বইয়ের যে-সংস্করণটি ব্যবহৃত হয়েছে কেবল তার প্রকাশ সাল লিখতে হবে, পত্রিকার ক্ষেত্রেঃ পত্রিকার বর্ষ, সংখ্যা, মাস, তারিখ, সম্পাদক ইত্যাদি উল্লেখ করতে হবে। নমুনা:

জসীম উদ্‌দীন (১৯৯০) *জসীম উদ্‌দীনের প্রবন্ধসমূহ*, প্রথম খণ্ড, পলাশ প্রকাশনী, ঢাকা

(১৯৯২) *ঠাকুরবাড়ির আঙ্গিনায়*, পলাশ প্রকাশনী, ঢাকা

(২০০১) *জসীম উদ্‌দীনের প্রবন্ধসমূহ*, দ্বিতীয় খণ্ড, পলাশ প্রকাশনী, ঢাকা

(২০০৩) *জীবনকথা*, ষষ্ঠ মুদ্রণ,পলাশ প্রকাশনী, ঢাকা

নির্মাল্য বাগচী (১৯৯৭) *বাঙলার জাগরণ: তর্ক ও বিতর্ক*, (সম্পাদক: নরহরি কবিরাজ), কে পি বাগচী এ্যান্ড কোম্পানী, কলকাতা

গোলাম মুর্তোজা (২০১৩) *দৈনিক ইত্তেফাক*, (সম্পাদক: আনোয়ার হোসেন মঞ্জু), ৩ জানুয়ারি, ঢাকা

সিরাজুল ইসলাম চৌধুরী (২০০৬) 'জাতীয়তাবাদ, সাম্প্রদায়িকতা ও জনগণের মুক্তি', *নতুন দিগন্ত*, (সম্পাদনা: সিরাজুল ইসলাম চৌধুরী), এপ্রিল-জুন, ঢাকা।

হাইনরিশ হাই (১৯৯৭) 'শীত', অনুবাদঃ শঙ্খ ঘোষ, *তরবারি আমি, আমি শিখা*, (সম্পাদনাঃ শুভরঞ্জন দাশগুপ্ত), প্রমা, কলকাতা।

Mariategui, Jose Carlos "Seven Interpretative Essayson Peruvian Reality".*http://www.marxists.org/archive/mariateg/works/1928/essaya07.html* (*Accessed: 10 jun 2013*)

Sen Priyaranjan *Western Influence in Bengali in Literature*, Academic Publishers, 3rd Edition, 1966.

৮. প্লেজিয়ারিজম যাচাইয়ে সন্তোষজনক হার ও বিশেষজ্ঞ মূল্যায়নকারীর ইতিবাচক সুপারিশ সাপেক্ষে প্রবন্ধ প্রকাশ করা হয়। প্রকাশিত প্রবন্ধ বিষয়ক সকল দায়িত্ব প্রাবন্ধিক বহন করবেন।

৯. প্রবন্ধ প্রকাশিত হলে প্রাবন্ধিক পত্রিকার এক কপি পাবেন। প্রকাশের জন্য মনোনীত বা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেওয়া হয় না।

14.8.23

14.08.23